# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫২৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ চাশতের দুই রাকা‘আত সালাত আদায় করার জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অসিয়ত

## ذِكْرُ وَصِيَّةِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بركعتي الضحى

আরবী

2527 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا عَبْدُ الصَّمَدِ حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنَا عَبَّاسٌ الْجُرَيْرِيُّ عَنْ أَبِي عُثْمَانَ النَّهْدِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: أَوْصَانِي خَلِيلِي أَبُو الْقَاسِمِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِثَلَاثٍ: الْوِتْرُ قَبْلَ النَّوْمِ وَصَلَاةُ الضُّحَى رَكْعَتَيْنِ وَصَوْمُ ثلاثة أيام من كل شهر.

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2527 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1286): ق.

বাংলা

২৫২৭. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমার বন্ধু আবুল কাসিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে তিনটি জিনিসের অসিয়ত করেছেন: ঘুমানোর আগে বিতর পড়া, দুই রাকা‘আত চাশতের সালাত আদায় করা এবং প্রত্যেক মাসে তিনটি করে সিয়াম রাখা।”[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ২৩৯২; মুসনাদ আহমাদ: ২/৪৫৯; সহীহ আল বুখারী: ১১৭৮; সহীহ মুসলিম: ৭২১; নাসাঈ: ৩/২২৯; সুনান বাইহাকী: ৪/২৯৩; দারেমী: ২/১৮-১৯; সহীহ ইবনু খুযাইমাহ: ১২২২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১২৮৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91853

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন